

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ০৩.০৫.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি-

ওয়ার্ল্ডভিউ হজ্ব এজেন্সি ব্যবস্থাপনায় হজ্ব প্রশিক্ষণ কর্মশালা ও হাজী পুনর্মিলনী -২০২৫ চট্টগ্রামের কল্যাণে হাজীদের কাছে দোয়া চাইলেন মেয়র ডা. শাহাদাত

দেশ ও জাতির কল্যাণে বিশেষভাবে চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসন কার্যক্রম সফল হওয়ার জন্য আল্লাহর রহমত কামনা করে হাজীদের কাছে দোয়া চেয়েছেন মেয়র ডা. শাহাদাত। শনিবার ওয়ার্ল্ডভিউ হজ্ব গ্রুপের ব্যবস্থাপনায় “হজ্ব প্রশিক্ষণ কর্মশালা ও হাজী পুনর্মিলনী-২০২৫” নগরীর আখ্য়াবাদস্থ আব্দুল্লাহ আল কনভেনশন হলে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন।

বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন ওয়ার্ল্ড ভিউ হজ্ব গ্রুপের উপদেষ্টা শফিকুর রহমান স্বপন, আহমেদ-উল আলম চৌধুরী (রাসেল), মোঃ মনজুরুল আলম মনজু, ইঞ্জিনিয়ার বেলায়েত হোসেন, আবু হায়দার চৌধুরী আমজাদ, মোঃ সরোয়ার আলম, এস.এম শওকত হোসেন, এডভোকেট আবু তাহের। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওয়ার্ল্ডভিউ হজ্ব গ্রুপের সভাপতি আলহাজ্ব আজহারুল ইসলাম চৌধুরী। এসময় মেয়র বলেন, “চট্টগ্রাম সিটি কর্পোরেশনের একজন সেবক হিসেবে আমি আপনাদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আল্লাহ আপনাদের সুযোগ দিয়েছেন হজ পালন করার, যা সবার ভাগ্যে জোটে না।



আপনারা সৌভাগ্যবান।” মেয়র তাঁর বক্তব্যে আরও বলেন, “আপনারা নিজের, পরিবারের, চট্টগ্রাম শহর এবং দেশবাসীর জন্য দোয়া করবেন। বিশেষ করে আমি আপনাদের কাছে দোয়া চাই, যাতে চট্টগ্রামের সবচেয়ে বড় সমস্যা জলাবদ্ধতা থেকে আমরা মুক্তি পাই। আমরা খাল খননসহ নানা প্রকল্পে কাজ করছি।” তিনি হজযাত্রীদের উদ্দেশে বলেন, “প্রথমবার হজে যাওয়া নিয়ে অনেকের মনে ভয় থাকতে পারে, তবে এটি খুব সহজ ও আল্লাহর রহমতে পরিচালিত এক মহান ইবাদত। ওয়ার্ল্ডভিউ হজ্ব কাফেলার আজহার ভাইসহ যারা আপনাদের গাইড করবেন, তারা অত্যন্ত আন্তরিক। প্রয়োজনীয় মাসায়েল ও দিকনির্দেশনা আপনাদের ভালোভাবে বুঝিয়ে দেবেন।”

তিনি আরও বলেন, “আমি চিকিৎসক হিসেবে অভিজ্ঞতা থেকে বলছি ডুঅনেক রোগী হজে যাওয়ার আগে হাঁটু, কোমর বা ঘাড়ে ব্যথার কথা বলেন, কিন্তু আল্লাহর ঘরে গিয়ে অনেকেই সুস্থ হয়ে ফেরেন। তবুও প্রয়োজনীয় ওষুধ সঙ্গে রাখা জরুরি। যেমন: ব্যথার ওষুধ, ঠান্ডা-কাশির ওষুধ, অ্যান্টিবায়োটিক, সিপ্রোফ্লক্সাসিন, মেট্রোনিডাজল ইত্যাদি।” অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন আলহাজ্ব রফিক উদ্দিন, কুতুব উদ্দিন, আব্বাস রশিদ, আলী আজম, মাস্টনুদ্দীন মাস্টনু, করিম উদ্দীন, মো: ফরিদুল আলম, আইয়ুব খান, মহসিন তালুকদার, কুতুবউদ্দীন, মহিউদ্দীন রিপন, আলী হায়দার ছোটন, জহির উদ্দীন বাবলু, রিজোয়ান উদ্দীন, গিয়াস উদ্দীন, মেজবাহ উদ্দীন, মো: হোসেন, আব্বাছ রিপন, সুজাউদ্দীন, আশরাফ আলী, তৌহিদ, তওসিফ, মো: শহীদ, মো: জাবেদ, নওশাদ আলী, আলতাফ উদ্দীন মামুন প্রমুখ।

মদিনার পথে চট্টগ্রামের প্রথম হজ ফ্লাইট হজযাত্রীদের মাঝে ঔষধ বিতরণ করেন মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে মদিনার উদ্দেশে যাত্রা করা প্রথম হজ ফ্লাইটের হাজীদের মাঝে জরুরি মেডিসিন, খেজুর, আতরসহ নানা উপহার বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। শনিবার (৩ মে) বিকেল ৫টা ৪০ মিনিটে বাংলাদেশ বিমানের বিজি-১৩৭ (বোয়িং-৭৭৭) ফ্লাইটটি ৪১৯ জন হজযাত্রী নিয়ে উড্ডয়ন করে। শনিবার (৩ মে) দুপুর আড়াইটায় হজ ফ্লাইটের প্রধান অতিথি হিসেবে আনুষ্ঠানিক উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। বিশেষ অতিথি ছিলেন বিমানবন্দরের পরিচালক গ্রুপ ক্যাপ্টেন শেখ আবদুল্লাহ আলমগীর। সভাপতিত্ব করেন বিমান চট্টগ্রাম জেলার ব্যবস্থাপক আল মামুন ফারুক। এসময় মেয়র হজযাত্রীদের মাঝে মেডিসিন, খেজুর, আতরসহ নানা উপহার বিতরণ করেন এবং তাদের হজকালে সুস্বাস্থ্য রক্ষার বিষয়ে বিভিন্ন পরামর্শ দেন। মেয়র হাজীরা সাধারণত যেসব অসুস্থতা মোকাবিলা করেন সেগুলোর বিষয়ে সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরেন এবং অসুস্থ হলে করণীয় সম্পর্কে হাজীদের পরামর্শ দেন। মেয়র হাজীদের কাছে দেশ ও জাতির জন্য দোয়া কামনা করেন এবং চট্টগ্রামের চলমান উন্নয়ন কার্যক্রম সফল হওয়ার জন্য আল্লাহর দরবারে দোয়া করার জন্য হাজীদের বিশেষভাবে অনুরোধ জানান। এসময় শাহ আমানত আন্তর্জাতিক

বিমানবন্দরের পরিচালক গ্রুপ ক্যাপ্টেন শেখ আবদুল্লাহ আলমগীর জানান, এবার চট্টগ্রাম থেকে মোট ১৭টি হজ ফ্লাইট পরিচালনা করা হবে। এর মধ্যে ১৪টি যাবে জেদ্দায় এবং ৩টি মদিনায়। সব মিলিয়ে চট্টগ্রাম থেকে ৬ হাজার ৬১৮ জন হজযাত্রী সৌদি আরবে যাবেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন হজ এজেন্সিজ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) চট্টগ্রাম জোনের চেয়ারম্যান শরীয়াত উল্ল্যাহ শহীদ, অ্যাসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব) চট্টগ্রাম জোনের চেয়ারম্যান মো. আবু জাফর, হাব সেক্রেটারি মো. আব্দুল মালেক, আটাব সেক্রেটারি মো. ইদ্রিস মিয়া প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮